

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৯২

১/ বিবিধ

আরবী

سلوا الله عز وجل من فضله، فإن الله يحب أن يسأل، وأفضل العبادة انتظار الفرج
ضعيف جدا

رواه الترمذي (4 / 279) وابن أبي الدنيا في " القناعة والتعفف " (ج 1 ورقة 106 / 1
من مجموع الظاهرية 90) وعبد الغني المقدسي في " الترغيب في الدعاء " (2 / 89)
من طريق حماد بن واقد قال: سمعت إسرائيل بن يونس عن أبي إسحاق الهمداني عن
أبي الأحوص عن ابن مسعود مرفوعا، وقال الترمذي
هكذا روى حماد بن واقد هذا الحديث، وحماد ليس بالحافظ، وروى أبو نعيم هذا
الحديث عن إسرائيل عن حكيم بن جبير عن رجل عن النبي صلى الله عليه وسلم،
وحديث أبي نعيم أشبه أن يكون أصح
قلت: وحكيم بن جبير أشد ضعفا من ابن واقد فقد اتهمه الجوزجاني بالكذب وإذا
كان الأصح أن الحديث حديثه فهو حديث ضعيف جدا
والشطر الأخير من الحديث رواه البزار والبيهقي في " الشعب " والقضاعي من حديث
أنس، وقال الهيثمي في " المجمع " (18 / 147) بعد أن عزاه للأول
وفيه من لم أعرفه
قلت: وهذا إعلال قاصر، فإن فيه عننة بقية، وسليمان بن سلمة (الأصل: شرحبيل)
وهو الخبائري، وهو كذاب، ومن طريقه أخرجه القضاعي (1283) وغيره، وسيأتي
تخريجه مبسوطا في " المجلد الرابع " رقم (1572)، فراجع إن شئت

বাংলা

৪৯২। তোমরা আল্লাহর নিকট তার অনুগ্রহ প্রার্থনা করো। কারণ আল্লাহ তা'আলা চাওয়াকে ভালবাসেন। সর্বোত্তম এবাদাত হচ্ছে প্রশস্ততার অপেক্ষা করা।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি তিরমিযী (৪/২৭৯), ইবনু আবিদ-দুনিয়া “কানাআত ওয়াত-তয়াফফুফ” গ্রন্থে (১/১০৬/১ ৯০ হতে) এবং আব্দুল গনি মাকদেসী "তারগীব ফিদ দু'আ" গ্রন্থে (২/৮৯) হাম্মাদ ইবনু ওয়াকিদ সূত্রে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমি ইসরাঈল ইবনু ইউনুস হতে শুনেছি, তিনি আবু ইসহাক হামাদানী হতে ... বর্ণনা করেছেন। তিরমিযী বলেনঃ হাদীসটি এভাবেই হাম্মাদ ইবনু ওয়াকিদ বর্ণনা করেছেন। হাম্মাদ হাফিয নন। আবু নুয়াইম এ হাদীসটি ইসরাঈলের মাধ্যমে হাকীম ইবনু যুবায়ের থেকে এক ব্যক্তি হতে বর্ণনা করেছেন। আবু নুয়াইমের হাদীসটি সহীহ হওয়ার সাথে বেশী সাদৃশ্যপূর্ণ।

আমি (আলবানী) বলছিঃ ইবনু ওয়াকিদ থেকে হাকীম ইবনু যুবায়ের বেশী দুর্বল। তাকে ইবনুল জুযজানী মিথ্যার দোষে দোষী করেছেন। যদি বেশী সহীহটাই তার হাদীস হয়, তাহলে সেটি নিতান্তই দুর্বল।

হাদীসটির শেষাংশ বাযযার, বাইহাকী “আশ-শুয়াব” গ্রন্থে এবং কাযাঈ আনাস (রাঃ)-এর হাদীস হতে বর্ণনা করেছেন। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১০/১৪৭) বলেছেনঃ তাতে এমন ব্যক্তি রয়েছেন যাকে আমি চিনি না।

আমি (আলবানী) বলছিঃ এ কারণটি সৎক্ষিপ্ত। কারণ তাতে রয়েছে বাকিয়ার আন্ আন্ করে বর্ণনা এবং সুলায়মান ইবনু সালামাহ্। তিনি হচ্ছেন খাবায়েরী, তিনি মিথ্যুক। তার সূত্র হতে কাযাঈ (১২৮৩) ও অন্যরা বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68077>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন